=: স্ত্রীপ্রত্যয় :=

স্ত্রিয়াম্ : অধিকারোঽয়ম্, সমর্থানামিতি যাবৎ। এটি অধিকার সূত্র এই সূত্রের অধিকার সমর্থানাং প্রথমাদ্বা এই সূত্রের পূর্বপর্যন্ত অধিকারের তাৎপর্য হচ্ছে যে, 'স্ত্রিয়াম্' (৪।১।৩) এবং সমর্থানাং প্রথমাদ্বা (৪।১।৮২) সূত্রের মধ্যবর্তী সূত্রের সাথে এর সম্বন্ধ, আর এর মধ্যবর্তী সকল সূত্র 'স্ত্রিয়াম্' সূত্রের সাথে সম্বন্ধ হয়েই তার অর্থবোধ করায়। আলোচ্য সূত্রটির নাম অধিকার। এই সূত্রের পূর্ববর্তী 'ঙ্যাপ্ প্রাতিপদিকাৎ' সূত্রের অধিকার পঞ্চমাধ্যায় পর্যন্ত। কিন্তু এই অধিকারে কেবল প্রাতিপদিকাৎ অংশের আগে স্ত্রীপ্রত্যয় বিধায়ক সূত্রে সম্বন্ধ থাকে, ঙ্যাপ্ - এর নয়। কেননা আলোচ্য সূত্রের দ্বারা ঙী (ঙীপ্, ঙীষ্ ও ঙীন্) এবং আপ্ (টাপ্, ডাপ ও চাপ্) প্রত্যয়ের বিধান দেওয়া হয়েছে। অতএব বুঝানো হয়েছে যে, এই অধিকারের অন্তর্গত প্রাতিপদিক দ্বারা স্ত্রীলিঙ্গে প্রত্যয়ের বিধান করা হয়েছে। তার সাথে সমর্থানাং প্রথমাদ্বা সূত্র পর্যন্ত তার অধিকার সীমিত হয়েছে। অর্থাৎ এই সূত্রের পূর্ব পর্যন্ত স্ত্রীত্বকে বুঝাতে প্রাতিপদিকের উত্তর অনেক প্রত্যয়ের বিধান করা হয়েছে। এই স্ত্রীপ্রত্যয় প্রকরণে স্ত্রীত্ববোধক প্রত্যয়ের বিধান দেওয়া হয়েছে। এই প্রত্যয়গুলো হচ্ছে - টাপ্, ডাপ্, চাপ্, ঙীপ্, ঙীষ্, ঙীন্ ঊঙ্ এবং তি। এই প্রত্যয়ের দ্বারা নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গে প্রযুক্ত হয়। সেই কারণে এই প্রত্যয়গুলিকে স্ত্রীপ্রত্যয় বলে। স্ত্রীপ্রত্যয়গুলির প্রথম তিনটি (টাপ্, ডাপ্, চাপ্) -তে কেবল আ অবশিষ্ট থাকে, পরবর্তী তিনটি ঙীপ্, ঙীষ্ ও ঙীন্ -তে ঈ অবশিষ্ট থাকে, ঊঙ্ প্রত্যয়ের কেবল ঊ অবশিষ্ট থাকে।

অজাদ্যতষ্টাপ্ (৪।১।৪) - সূত্রের মূল অর্থটি হল - অজাদিগণে পঠিত শব্দের উত্তর এবং হ্রস্ব অকারান্ত শব্দের উত্তর তদ্বাচ্য স্ত্রীত্বের দ্যোতনরূপে প্রকাশকরার জন্য টাপ প্রত্যয় হয়। সূত্রে অজাদি কখন ঙীষ্ এবং ঙীপ্ প্রত্যয়ের বাধক হয়। অজা। হ্রস্ব অকারান্ত শব্দের উত্তর সত্ত্বা। এখানে 'অজাদি' অংশটি হচ্ছে স্ত্রীত্বের বিশেষণ, অতএব পঞ্চাজীতে টাপ্ প্রত্যয় হয়নি, কিন্তু দ্বিগোঃ সূত্র অনুসারে ঙীপ্ হয়েছে। এখানে অজপদের বাচ্য স্ত্রীত্ব নয়, কিন্তু সমাহারনিষ্ঠ স্ত্রীত্ব, তাই টাপ প্রত্যয় হয়নি।

1

Scanned with CamScanner



Scanned with CamScanner



Scanned with CamScanner